

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব এ এইচ এম আবদুল্লাহ
ব্যবস্থাপনা পরিচালক

স্থান: সম্মেলন কক্ষ, প্রধান কার্যালয়
তারিখ: ১৪।০১।২০১৯
সময়: বেলা ৩.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ 'পরিশিষ্ট-ক'

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সেমিনার অনুষ্ঠান ও স্মরণিকা প্রকাশ সংক্রান্ত কার্যক্রমটি জুলাই ২০২০ মাসের পরিবর্তে মে ২০২০ মাসে সংগঠন করতে হবে। স্মরণিকা প্রকাশের লক্ষ্যে ১টি খসড়া প্রণয়নের জন্য জনাব মোঃ ছাদেক মুখা, উপ-মহাব্যবস্থাপক-কে কাজ করার নির্দেশনা প্রদান করেন। জনাব মোঃ আবুল কালাম আজাদ, উপ-মহাব্যবস্থাপক তাঁকে তথ্য উপাত্ত দিয়ে সহযোগিতা করবেন। মূল স্মরণিকা প্রকাশের নিমিত্ত ফাউন্ডেশনের পরিচালনা পর্যদের সদস্য জনাব এ কে ফজলুল বারি উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন। এ লক্ষ্যে তাঁকে সম্মানী প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনে সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত ১টি কমিটি গঠন করা যেতে পারে।

সভায় বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে মহাব্যবস্থাপক জনাব মোঃ গোলাম হারওয়ারকে আহবায়ক করে ৬ সদস্য বিশিষ্ট নিম্নরূপ ১টি কমিটি গঠন করা যেতে পারে:


- | | |
|---------------------------------------------------------------------------------------|------------|
| (১) জনাব মোঃ গোলাম হারওয়ার
মহাব্যবস্থাপক (প্রশাসন, আইসিটি, প্রশিক্ষণ ও পরিকল্পনা) | আহবায়ক |
| (২) জনাব মোঃ মিজানুর রহমান
উপ-মহাব্যবস্থাপক (পরিবীক্ষণ ও মূল্যায়ন) | সদস্য |
| (৩) জনাব জাম্মাতুন আরা বেগম
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন, সমন্বয় ও প্রশিক্ষণ) | সদস্য |
| (৪) জনাব মোঃ আবুল কালাম আজাদ
উপ-মহাব্যবস্থাপক (আইসিটি, পরিকল্পনা ও ডকুমেন্টেশন) | সদস্য |
| (৫) জনাব মোঃ ছাদেক মুখা
উপ-মহাব্যবস্থাপক (হিসাব ও বাজেট) | সদস্য |
| (৬) জনাব মোঃ আনিছুর রহমান
সহকারী মহাব্যবস্থাপক-চঃ দাঃ (পরিঃ, প্রশিঃ ও পরিঃ) | সদস্য সচিব |

২। জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠেয় সেমিনারের জন্য স্মরণিকা প্রকাশের লক্ষ্যে ১টি খসড়া প্রণয়নের জন্য উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ ছাদেক মুখাকে দায়িত্ব প্রদান করা হলো। তিনি উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ আবুল কালাম আজাদ এর নিকট থেকে তথ্য উপাত্ত সংগ্রহ করে খসড়াটি প্রণয়নপূর্বক আগামী ১০ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করবেন।



- ৩। ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদ এর সদস্য জনাব এ কে ফজলুল বারি এবং ব্যবস্থাপনা পরিচালক যৌথভাবে স্মরণিকা প্রণয়নে নিযুক্ত থাকবেন। এজন্য সম্মানী প্রদানের ব্যবস্থা রাখা যেতে পারে। কমিটি কর্তৃক স্মরণিকা ছাপানোর কার্যক্রম সম্পাদন করতে হবে।
- ৪। ফাউন্ডেশন কর্তৃক সংশোধিত কর্মপরিকল্পনাটির প্রতিটি কার্যক্রম বাস্তবায়নের দায়িত্ব বন্টনপূর্বক এটি প্রধান কার্যালয়সহ মাঠপর্যায়ের সকল কর্মচারীর নিকট বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে খন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(এ এইচ এম আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক